



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

২৬৬৭৮



Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-৩৩/ (৫৫১)

তারিখঃ ৬.০৫.২০১৯খ্রিঃ

বিষয়ঃ জনাব মোঃ বেলাল হোসেন এর নিকট মাদ্রাসার সুপার এর দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

- সূত্রঃ ১) জনাব মোঃ বেলাল হোসেন এর আবেদন ও রিট পিটিশন নং- ১৫৪৩৮/২০১৮ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের ২৪.০১.২০১৯খ্রিঃ তারিখের আদেশ।
২) নং-বামাশিবো/সংস্থাপন/৪২৬৭৬; তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার রানীনগর উপজেলাধীন পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী থেকে অপসারণ অনুমোদনের জন্য মাদ্রাসার কর্তৃপক্ষ কর্তৃক চাকুরী থেকে অপসারণ সংক্রান্ত কাগজপত্রসহ আবেদন অত্র বোর্ডে দাখিল করা হয়। দাখিলকৃত আবেদনের বিষয়টি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি ২৭/০২/২০১৮খ্রিঃ তারিখের সভায় উপস্থাপন করা হয়। কমিটির সম্মানিত সদস্যবৃন্দ উত্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে তদন্ত প্রতিবেদনে সুস্পষ্ট মতামত না থাকায়, শূন্য পদে নিয়োগে সভাপতির স্বাক্ষর থাকায়, প্যাটার্ন বহির্ভূত নিয়োগ এবং স্বাক্ষর জালিয়াতির অভিযোগ প্রমানিত না হওয়ায় সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী হতে অপসারণ অনুমোদনের আবেদনটি খারিজ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তটি সূত্রোক্ত ২নং স্মারকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়।

পরবর্তীতে বোর্ডের আদেশ অনুযায়ী সুপার জনাব মোঃ বেলাল হোসেনকে চাকুরী পুনর্বহাল না করায় এবং দীর্ঘদিন যাবৎ বেতন ভাতাদি বন্ধ রাখায় মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৫৪৩৮/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক জনাব মোঃ বেলাল হোসেন এর পুনর্বহাল ও বেতন ভাতাদি সম্পর্কিত ০১.০৮.২০১৮খ্রিঃ তারিখের আবেদন (এনেক্সার-ডি) ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তির আদেশ জারি করেন।

বর্ণিত অবস্থায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত ও মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক দরখাস্ত নিষ্পত্তির লক্ষ্যে সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর নিকট মাদ্রাসার সুপার এর দায়িত্ব ০৭(সাত)দিনের মধ্যে হস্তান্তর করার জন্য মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

- প্রাপকঃ ১) সভাপতি ও সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি;
২) ভারপ্রাপ্ত সুপার, পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রানীনগর, নওগাঁ।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-৩৩/ (৫৫১)

তারিখঃ ৬.০৫.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, নওগাঁ।
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, রানীনগর, নওগাঁ।
৪. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪